## নেতানিয়াহুর মৃত্যু কিংবা গুরুতর আহত হওয়ার গুঞ্জন: তাসনিম নিউজ



নেতানিয়াহু। ছবি: সংগৃহীত

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে নিয়ে নতুন করে নানা গুঞ্জন ছড়িয়েছে। হিব্রু ভাষার কয়েকটি সূত্রে দাবি উঠেছে, তিনি আহত হতে পারেন বা তার মৃত্যুও ঘটেছে— এমন কথাও শোনা যাচ্ছে। তবে এসব বিষয়ে এখনো আনুষ্ঠানিকভাবে কোনো নিশ্চিত তথ্য পাওয়া যায়নি। খবর তাসনিম নিউজ।

সংস্থাটির হিব্রু ওয়েবসাইটে প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়, কয়েকটি কারণে এই জল্পনা জোরালো হয়েছে। নেতানিয়াহুর ব্যক্তিগত চ্যানেলে সর্বশেষ ভিডিও প্রকাশের পর তিন দিন কেটে গেছে, আর নতুন কোনো ছবি পাওয়া যায়নি প্রায় চার দিন। এ সময়ের মধ্যে তার নামে যেসব বার্তা এসেছে, সেগুলো কেবল লিখিত বিবৃতি হিসেবেই প্রকাশিত হয়েছে। অথচ আগে নিয়মিত ভিডিও বার্তা প্রকাশ করা হতো।

এ ছাড়া ৮ মার্চ তার বাসভবনের আশপাশে নিরাপত্তা ব্যবস্থা বাড়ানোর খবরও সামনে এসেছে। সম্ভাব্য আত্মঘাতী ড্রোন হামলার আশঙ্কায় এই সতর্কতা নেওয়া হয়েছে বলে কয়েকটি সূত্র জানিয়েছে।

আরও একটি বিষয় আলোচনায় এসেছে  যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প–এর জামাতা জ্যারেড কুশনার এবং বিশেষ প্রতিনিধি স্টিভ উইটকফ–এর নির্ধারিত ইসরায়েল সফর বাতিল করা হয়েছে। পাশাপাশি ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ–এর সঙ্গে নেতানিয়াহুর ফোনালাপের যে বিবরণ এলিসি প্রাসাদ প্রকাশ করেছে, সেখানে কথোপকথনের তারিখ উল্লেখ করা হয়নি।

তবে এসব ঘটনার সঙ্গে নেতানিয়াহুর মৃত্যু বা গুরুতর আহত হওয়ার কোনো সরাসরি প্রমাণ এখনো মেলেনি। আনুষ্ঠানিক নিশ্চিতকরণ বা অস্বীকার কোনোটিই আসেনি।

LENS ASIA